ছোট[illegible]

ENGLISH THERAPY

ইংলিশ শেখার হাতেখড়ি

SAIFUL ISLAM



Prestigious Editors` Panel

Md. Shakhawat Hossain B.A (Hons), M.A (English) MBA (Marketing) (IELTS & ESL Master Trainer) Founder & Chairman, TalentHut Language Institute	**Md. Alamgir Kabir** B.A (Hons) M.A (English) Dhaka University Master Trainer & Ex-Advisor External IELTS Speaking Examiner, IDP
Hasan Mahmud Founder and CEO Bornil Academy	**Eliash Hossain** M.A in English ELT from Jahangirnagar University Founder & CEO Eliash English World Treasurer : LIAB
Md. Sakil Ahmed Himel BA(Hons) in English, M.A in English Language Teaching (ELT) Lecturer, Department of English North City College, Dhaka	**Md Arfatul Islam (Riad)** BA(Hons) (Political Science) Chittagong College BA (Jamea Ahmadia Sunnia Alia)
Amirul Islam Khan (Abir) BBA (Management) Govt. Bangla College	**Md. Abdur Rahim** B.A (Hons)(English) World University.
K.M. Sahriyar Habib BSS (Hons) Sociology University of Dhaka	**Md. Mehrab Hossain** BA (Hons) LAW University of Dhaka

Co-operation with: Antor Chandra, Biddut Biswas, Pinky Malo, Tahmina Akter,I Umma Kulsum

শুদ্ধ উচ্চারণ কৌশল

Lesson-1	জড়তা কাটানোর ব্যায়াম	01
Lesson-2	*Alphabets* এর শুদ্ধ উচ্চারণ	04
Lesson-3	*Names of 7 Days*	06
Lesson-4	*Names of 12 Months*	07
Lesson-5	*Seasons of the Year*	08
Lesson-6	*Ordinal & Cordinal Number*	09
Lesson-7	শুদ্ধ উচ্চারণের ম্যাজিক রুলস	11
Lesson-8	*Usage of 'R'*	16
Lesson-9	*Pronunciation Drill*	18
Lesson-10	দা দির *CV*	19
Lesson-11	ছন্দে ছন্দে *Tongue Twisters*	20

বাক্য তৈরির কৌশল

Lesson-12	বাক্য তৈরির ভিত্তি শিখি	21
Lesson-13	*Sentence making pattern*	26
Lesson-14	*Qestions making pattern*	28
Lesson-15	ছবি দেখে সময় জানা	38
Lesson-16	গুরুত্বপূর্ণ শব্দ দিয়ে বাক্য তৈরি	43

স্পোকেন ইংলিশ কৌশল

Lesson-17	*Easy Comanding Sentence*	54
Lesson-18	*Family Conversation*	59

Lesson-19	*Situational Expressions*	63
Lesson-20	*Daily conversation practice (1-21)*	68

ছবি বর্ণনা কৌশল

Lesson-21	ছবি দেখে বর্ণনা বর্ণনার কৌশল	79
Lesson-22	জিনিসপত্র বর্ণনা কৌশল	90
Lesson-23	*Real-Life Situations*	103
Lesson-24	স্থান বর্ণনার কৌশল	115

PRESENTATION & STORY TELLING

Lesson-25	*Smart Presentation Pattern*	121
Lesson-26	*Self-Presentation Format*	123
Lesson-27	*Orientation Presentation*	124
Lesson-28	*Class Party Presentation*	125
Lesson-29	*Farewell Presentation*	126
Lesson-30	*50 Presentation Topics*	129
Lesson-31	*Moral stories*	136

ছোটদের ইংলিশ গ্রামার

Lesson-32	*Grammar*	137
Lesson-33	*Letter & Alphabet*	137
Lesson-34	*Word*	139
Lesson-35	*Syllable*	139
Lesson-36	*Subject & Object*	142

Lesson-37 *Sentence* 144

Lesson-38 *Parts of Speech* 150

Lesson-39 *Introduction to Pronouns* 152

Lesson-40 *Singular and Plural Forms* 154

Lesson-41 *Gender* 155

Lesson-42 *Articles* 160

Lesson-43 *Visualizing Prepositions* 171

Lesson-44 *Tense* 175

Lesson-45 *Modals* 179

Lesson-46 *Punctuation and Capitalization* 185

ETIQUETTE AND MANNERS

Lesson-47 অভিবাদন ও ভদ্রতা প্রকাশ 190

Lesson-48 খাবারের শিষ্টাচার 194

Lesson-49 কথোপকথনে সম্মান দেখানো শেখা 197

Lesson-50 দৈনন্দিন বাস্তব উদাহরণ 199

Lesson-51 *Auto Suggestions* 201

VOCABULARY

Lesson-52 বিভিন্ন রং এর নাম 206

Lesson-53 বিভিন্ন ফুলের নাম 208

Lesson-54 বিভিন্ন ফল ও সবজির নাম 209

Lesson-55 বিভিন্ন মসলার নাম 211

Lesson-56 বিভিন্ন মাছের নাম 212

Lesson-57	বিভিন্ন প্রাণির নাম	213
Lesson-58	বিভিন্ন প্রাণির বাচ্চার নাম	214
Lesson-59	বিভিন্ন প্রাণির ডাক	215
Lesson-60	*100 Verbs*	216
Lesson-61	*Nouns* (বিশেষ্য)	220
Lesson-62	*Adjectives* (বিশেষণ)	223
Lesson-63	*Adverbs* (ক্রিয়া বিশেষণ)	226
Lesson-64	*Religious Words* (ধর্মীয় শব্দাবলী)	229
Lesson-65	*Relation related words* (আত্মীয়তা সম্পর্কিত শব্দাবলী)	231
Lesson-66	*Professions* (পেশা)	233
Lesson-67	*Households Words* (গৃহস্থালী সম্পর্কিত শব্দাবলী)	237
Lesson-68	*Urban Words* (শহর সম্পর্কিত শব্দাবলী)	239
Lesson-69	*Different Days* (ব্যতিক্রমী দিনসমূহ)	241
Lesson-70	*Emotional Expressions* (ভাব প্রকাশ)	243
Lesson-71	সময় বর্ণনার কিছু গুরুত্বপূর্ণ *Words*	244
Lesson-72	*Education Related Words* (শিক্ষা সম্পর্কিত শব্দের অর্থ)	245
Lesson-73	*Natural Objects* (প্রাকৃতিক জিনিসপত্র)	249
Lesson-74	*Diseases & Treatment* (রোগ ও চিকিৎসা)	251
Lesson-75	*Ornaments* (অলঙ্কার)	254
Lesson-76	*Time and Period* (সময় ও সময়কাল)	256
Lesson-77	*Human Body Related Words* (শরীর সংক্রান্ত শব্দাবলী)	257
Lesson-78	*Opposite Words* (বিপরীত শব্দ)	260
Lesson-79	দুই শব্দ মিলে নতুন শব্দ গঠন	263
Lesson-80	মনে রাখার মতো মজার কিছু শব্দ শিখি	264

Lesson - 01

জড়তা কাটানোর ব্যায়াম

শুদ্ধ উচ্চারণসহ ফ্লুয়েন্টলি ইংলিশে কথা বলার ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হলো মুখের জড়তা। যেহেতু আমাদের মাতৃভাষা ইংলিশ না, তাই আমাদের মুখ যথাযথ ইংলিশ বলতে প্রস্তুত না। সুতরাং দেখা যায়, আমরা গ্রামারের খুঁটিনাটি অনেক কিছুই জানি, লিখতে পারি, পড়তে পারি ও শুনে বুঝতেও পারি কিন্তু English-এ কথা বলতে পারি না। স্বাভাবিক-ভাবে বলার সময় আমাদের কথা আটকে আসে ও জড়তা কাজ করে।

মুখের এই জড়তা কাটাতে ও ফ্লুয়েন্সি বাড়াতে নিচের Vocal Exercise-গুলো ম্যাজিকের মতো কাজ করে। সঠিক নিয়মে প্রতিদিন সময় নিয়ে এই ব্যায়ামগুলো করলে মুখ নমনীয় হবে এবং জড়তা কেটে যাবে, ইনশা আল্লাহ!

জিহ্বার ব্যায়াম:

স্পষ্ট ও সুন্দর উচ্চারণের জন্য জিহ্বা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই জিহ্বার ব্যায়ামগুলোও গুরুত্বপূর্ণ। নিয়মিত আয়নার সামনে দাঁড়িয়ে ধৈর্য সহকারে ব্যায়ামগুলো চর্চা করলে জিহ্বা নমনীয় ও বলিষ্ঠ হবে এবং জিভের জড়তা কেটে যাবে ইনশাআল্লাহ।

১. জিহ্বা বের করো যতটুকু পারা যায়। আবার গলার ভেতর নিয়ে যাওয়ার চেষ্টা করো।

০২. জিহ্বা বের করে ডানে ও বামে মুখের কোনা স্পর্শ করো ৩-৪ বার।

০৩. জিহ্বাটি সোজা বাইরে নিয়ে আসো। এবার নাক ও দাড়ির থুতনি স্পর্শ করার চেষ্টা করো।

০৪. জিহ্বাকে দ্রুত বের করো আবার ভেতরে নিয়ে যাও। ধীরে ধীরে গতি বাড়াও যতো পারো তত।

০৫. জিহ্বাকে মুখের মধ্যে ভাঁজ করে ওপরের দাঁত দিয়ে আস্তে আস্তে চাপ দাও।

০৬. ছোট বেলায় মুখ দিয়ে যেমন শব্দ করতাম চলো আমরা তেমনটা করি।

যেমন: হরররর-----করররররর----খররররর---গররররর----

ঠোঁটের ব্যায়াম



আমরা জানি, শব্দ উচ্চারণে ঠোঁটের একটি বড় ভূমিকা রয়েছে। নিচের ঠোঁটকে সহজে নাড়ানো গেলেও ওপরের ঠোঁটকে নাড়ানো বেশ কঠিন। ব্যায়ামের সাহায্যে একে নমনীয় করে নিতে পারলে খুব সহজেই কঠিন শব্দগুলো সঠিকভাবে উচ্চারণ করা যায় এবং মুখের জড়তা কেটে যায়। উচ্চারণগত সমস্যার হাত থেকে রেহাই পেতে ঠোঁটের ব্যায়ামগুলো চর্চা করা উচিত।

১. ঠোঁটকে বিভিন্ন ধরনের আকৃতি দাও। বিভিন্ন আকৃতির বৃত্ত তৈরি করো। ছুঁচালো গঠনে তৈরি করো।

২. ঠোঁট দুটো জোড়া করে মধ্য দিয়ে বাতাস বের করো এবং শব্দ করে কম্পন সৃষ্টি করো।

৩. দুই ঠোঁটকে একত্র করে দুপাটি দাঁতের মাঝে নিয়ে আসো এবং আস্তে আস্তে চাপ দাও অন্তত দশবার।

৪. দুই ঠোঁট ছুঁচালো করে সামনের দিকে বাড়িয়ে দাও। এবার হাত দিয়ে সামনের দিকে টান দাও।

এভাবে (বারবার কর)

৫. দুই ঠোঁট চেপে রেখে ছুঁচালো আকৃতি দাও আবার আগের অবস্থায় ফিরে যাও, এভাবে বারবার কর।

৬. দুই ঠোঁট একত্রে রেখে ডানে-বামে আনা-নেওয়া কর ভেংচি কাটার মতো, প্রয়োজনে হাতের সাহায্য নিন।

৭. বেলুন ফোলানোর মতো সামনের দিকে ফুঁ দাও।

৮. প, ফ, ব, ভ, ম এই পাঁচটি বর্ণ জোরে জোরে উচ্চারণ কর। উচ্চারণকালে ঠোঁট দুটো জোরে একত্র হবে এবং সঙ্গে সঙ্গে ঠোঁট দুটো কমপক্ষে এক ইঞ্চি পরিমাণ ফাঁকা হবে।

দম বৃদ্ধির ব্যায়াম



সুন্দর করে কথা বলা, আবৃত্তি করা, বক্তৃতা কিংবা বিতর্কের সময় ঘন ঘন দম নেওয়া চলবে না। দম বাড়াতে হবে। নিচের ব্যায়ামগুলো নিয়মিত করলে তোমার দম দ্বিগুণ বৃদ্ধি পাবে। সহজেই অনেকগুলো কথা কম সময়ে বলতে পারবে।

১. মুখ বন্ধ করে (জীম-----) আওয়াজটি করে দম ছাড়ো, যতক্ষণ পার। এ সময় দাঁত একটু শিরশির করবে।

২. হা করে (সা ---) আওয়াজ বা, ধ্বনি করে দম ছাড়ো, যতক্ষণ পারেন। (কণ্ঠের স্কেল পরিবর্তন কর)

৩. জিহ্বা বের করে দ্রুত শ্বাস গ্রহণ কর এবং ছাড়ো।

৪. দুই হাত পেটের ওপর রেখে ধীরে ধীরে বেশি করে শ্বাস নাও। এবার ধীরে ধীরে ছাড়ো।

৫. বেশি করে শ্বাস গ্রহণ কর। কিছুক্ষণ দম ধরে রাখো। (আ------) আওয়াজ করে অর্ধেক দম ছাড়ো। আবার কিছু সময় ধরে রাখ। এবার বাকি শ্বাস ধীরে ধীরে ছেড়ে দাও।

৬. তেঁতুল বা কুলের বিচি ঠোঁট ও জিভের সাহায্যে ফুঁ দিয়ে যতদূর সম্ভব নিক্ষেপ কর। এতে যেমন ঠোঁটের ব্যায়াম হবে, তেমনি শ্বাসের জোর বৃদ্ধি পাবে।

চোয়ালের ব্যায়াম:

চোয়ালের ব্যায়ামের মাধ্যমে মুখের জড়তা কাটানোর চেষ্টা করো।

১. আস্তে আস্তে বড় করে হা কর, যত বড় সম্ভব। আবার আস্তে আস্তে মুখ বন্ধ কর। এভাবে কয়েকবার করো।

২. চোয়ালগুলো বারবার সামনে থেকে পেছনে এবং পেছন থেকে সামনে নেওয়ার চেষ্টা করো।

৩. চোয়ালগুলো ডানে থেকে বামে এবং বামে থেকে ডানে নেওয়ার চেষ্টা কর। এভাবে বারবার করো।

৪. বড় করে হা করো এমনভাবে শক্ত করে বন্ধ কর, মনে করো তুমি কিছু খাচ্ছো ।

৫. বড় করে মুখটা হা করো এবং মুখটা শক্ত করে বন্ধ কর যাতে মনে হয় তুমি কিছু খাচ্ছো।

কণ্ঠনালীর ব্যায়াম:

এবার কণ্ঠকে অনুশীলনের মাধ্যমে জোরালো ও সুস্পষ্ট করার চেষ্টা করো।

১. চেয়ারে সোজা হয়ে বসে মেরুদণ্ড সোজা রেখে হাতের তালু হাঁটুর ওপর রেখে (সিংহাসনে বসার মতো) মুখ হা করে জিভ যতটা সম্ভব বাইরের দিকে বের করে আওয়াজ করতে হবে। বিভিন্ন স্কেলে বারবার অনুশীলন করতে হবে। এতে কথা সুন্দর ও জোরালো হবে।

২. মেরুদণ্ড সোজা করে ধ্যানে বসার মতো ফ্লোরে বা খাটে বসে যেকোনো একটি কবিতাংশ বা ঠাং টুইস্টার আবৃত্তি কর। কণ্ঠের স্কেল পরিবর্তন করো। উদারা থেকে মুদারা, মুদারা থেকে তারা, আবার তারা থেকে মুদারা, মুদারা থেকে আবার উদারা ইত্যাদি বারবার করো।

মানে হলো প্রথমে আস্তে আস্তে বলতে হবে তারপর একটু মিডিয়াম সাউন্ডে সবার শেষে যত জোরে পারা যায় একই জিনিস বারবার রিপিট করতে হবে।

আমাদের মনে রাখতে হবে,

Repetation is the mother of all skills.

Lesson - 02

ALPHABET

A = এই	J = জেই	K = খেই
O = ওউ	P = ফী	Q = খীউ
R = আ(র)	T = ঠী	W = ডাবল্ইউ

ঈ/ী = একটু দীর্ঘ পড়তে হবে।
B, P = দুই ঠোঁট মিশিয়ে পড়তে হবে।
F, V = নিচের ঠোঁট ওপরের দাঁতের পাটির প্রান্তভাগ
স্পর্শ করে উচ্চারণ করতে হবে।

** ৩টি লেটার এক নিশ্বাসে ১০ বার বলার চেষ্টা করতে হবে।

** শুদ্ধ উচ্চারণে এক নিশ্বাসে (A to Z) বলার চেষ্টা করতে হবে।

Vowel 5 টি [a,e,i,o,u] [ভাওয়েলগুলো নিজে নিজেই অথবা অন্য ভাওয়েল-এর সাহায্য নিয়ে উচ্চারিত হয়]
Pure consonant 19টি [এরা নিজে নিজে উচ্চারিত হতে পারে না। ভাওয়েল-এর সাহায্য নিয়ে উচ্চারিত হয়।]
Semi-vowel 2টি [w, y] এরা Consonant ও Vowel উভয়ের মতোই কাজ করে।/w/ওয়া /j/ইও এই দুটি ধ্বনি Semi-vowel যা W এবং Y যুক্ত শব্দের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

বাংলা বর্ণমালার ইংলিশ প্রতিলিপি

বাংলা বর্ণ	ইংলিশ উচ্চারণ	বাংলা বর্ণ	ইংলিশ উচ্চারণ	বাংলা বর্ণ	ইংলিশ উচ্চারণ
অ	A	চ	Ch	প	P
আ	Aa	ছ	Chh	ফ	Ph
ই	I	জ	J	ব	B
ঈ	Ii	ঝ	Jh	ভ	Bh
উ	U	ঞ	(Ny)	ম	M
ঊ	Uu	ট	T	য	J
ঋ	Ri	ঠ	Th	র	R
এ	E	ড	D	ল	L
ঐ	Oi	ঢ	Dh	শ	Sh
ও	O	ণ	N	ষ	Sh
ঔ	Ou	ত	T	স	S
ক	K	থ	Th	হ	H
খ	Kh	দ	D	ড়	R
গ	G	ধ	Dh	ঢ়	Rh
ঘ	Gh	ন	N	য়	Y
ঙ	Ng	ঃ	H	ং	Ng